

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
সুরক্ষা সেবা বিভাগ  
মাদক-১ শাখা  
[www.ssd.gov.bd](http://www.ssd.gov.bd)

প্রজ্ঞাপন

নং-৫৮.০০.০০০০.০৬১.৯৯.০০৫.১৮. ২৯২


তারিখঃ ০৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ  
২০ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ সনের ৬৩ নং আইন এর ধারা ৬২ এর উপধারা (১) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরাধীন রাসায়নিক পরীক্ষাগার, ৪৩ আইস ফ্যাক্টরী রোড, চট্টগ্রাম নামে একটি পরীক্ষাগার স্থাপন করিল। উক্ত আইনের অধীনে পরিচালিত কোন বস্তুর রাসায়নিক পরীক্ষার প্রয়োজন দেখা দিলে নমুনা তথায় প্রেরণ করিতে হইবে।

০২। এতদুদ্দেশ্যে সংযুক্ত ফরম এর নমুনা অনুযায়ী রাসায়নিক পরীক্ষকের স্মারকযুক্ত পরীক্ষণ রিপোর্ট উক্ত আইনের ধারা ৬২ এর উপ-ধারা (৩) অনুযায়ী মামলা দায়ের, মাদকদ্রব্য অপরাধের তদন্ত, অনুসন্ধান, বিচার অথবা অন্য কোন প্রকার কার্যধারায় সাক্ষ্য হিসেবে ব্যবহার করা যাইবে।

০৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
২০/৬/২০১৯

(মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৩২২৯

নং-৫৮.০০.০০০০.০৬১.৯৯.০০৫.১৮.

তারিখঃ ০৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ  
২০ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। [বাংলাদেশ গেজেটে প্রকাশ করে প্রকাশিত গেজেটের ১০ (দশ) কপি প্রেরণের অনুরোধসহ।]
- ৬। প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ।]
- ৭। অফিস কপি/মাস্টার কপি।